



স্মারক-১২.০০.০০০০.০১২.২৩.০৬৪.২১.৮৯

তারিখ: ১৮ মাঘ ১৪২৮  
০১ ফেব্রুয়ারি ২০২২


**বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্টের হিসাব অডিট করার লক্ষ্যে চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম নির্বাচনের জন্য  
রিকোয়েস্ট ফর প্রোপোজিশনস অব ইন্টারেস্ট (EOI)**

কৃষির বিভিন্ন ক্ষেত্রে সাফল্য ও অনন্য অবদান রাখার স্বীকৃতি স্বরূপ 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার' প্রদান করা হয়ে থাকে। দেশ স্বাধীনের পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আদেশে 'বঙ্গবন্ধু পুরস্কার তহবিল' প্রবর্তন করা হয় এবং কৃষিতে গুরুত্বপূর্ণ অবদানের জন্য পুরস্কার প্রদানের সূচনা হয়। বর্তমানে 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্ট আইন, ২০১৬' এর আলোকে 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার' প্রদান করা হচ্ছে। এ পুরস্কার প্রদানের ব্যয় 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্ট তহবিল' থেকে নির্বাহ করা হয়। 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার' ১৪২১-১৪২৪ বঙ্গাব্দ পর্যন্ত চার বছরের হিসাব নিরীক্ষা করা প্রয়োজন। উক্ত তহবিলের উল্লিখিত সময়ের হিসাব নিরীক্ষাপূর্বক প্রত্যয়নের লক্ষ্যে চার্টার্ড একাউন্টেন্ট/অডিট ফার্ম নিয়োগের জন্য আগ্রহ ব্যক্তকরণ প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। ব্যয়ের হিসাব ও নথিপত্র কৃষি মন্ত্রণালয়ে রক্ষিত আছে। চার্টার্ড একাউন্টেন্ট/অডিট ফার্মের প্রধান কাজ হবে নিম্নরূপ:-

- ১। বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্টের প্রদানকৃত পুরস্কার সংশ্লিষ্ট নীতিমালা/পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা তা পরীক্ষা করা;
- ২। আইন/নীতিমালা অনুযায়ী পদক নির্বাচন, বাছাই, বিতরণ, তৈরি ও প্রদান করা হয়েছে কি না সে সম্পর্কে প্রত্যয়ন করা;
- ৩। বছরভিত্তিক ট্রাস্টের সকল রেকর্ড, দলিলাদি, বার্ষিক ব্যালেন্স শিট, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার বা অন্যবিদ সম্পত্তি, ইত্যাদি পরীক্ষা করা (এ সকল নথিপত্র কৃষি মন্ত্রণালয়ে সংরক্ষিত আছে);
- ৪। নিরীক্ষান্তে বছরভিত্তিক পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করা।

**শর্তাবলি:**

- (ক) আগ্রহী বাংলাদেশী চার্টার্ড একাউন্টেন্ট/অডিট ফার্মকে সমজাতীয় নিরীক্ষা কাজের ০২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে এবং তাদের প্রয়োজনীয় জনবলসহ সহায়ক উপকরণাদি থাকতে হবে।
- (খ) দরখাস্তের সাথে ট্রেড লাইসেন্স, রেজিস্ট্রেশন সনদ, হালনাগাদ কর দাখিলের প্রমানক এবং কর্মরত জনবলের জীবন-বৃত্তান্ত ও অভিজ্ঞতা যথাযথভাবে উল্লেখ করতে হবে।
- (গ) কার্যাদেশ প্রাপ্তির ০৩(তিন) কর্মদিবসের মধ্যে কাজ করার সম্মতি পত্র প্রদান করা, তা না করলে কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে; এবং
- (ঘ) কার্যাদেশ প্রাপ্তির ২ মাসের মধ্যে নিরীক্ষা প্রতিবেদন পেশ করা।
- ৫। আগ্রহী প্রতিষ্ঠানকে তাদের যোগ্যতার স্বপক্ষে প্রয়োজনীয় তথ্যাদি ও প্রমাণক দাখিলের অনুরোধ করা হলো (সংস্থার সুযোগ-সুবিধা এবং দক্ষতার ক্ষেত্রসমূহ নির্দেশপূর্বক রোশিয়ার; একই ধরনের সম্পাদিত কাজের বিবরণ; একই ধরনের কর্মপরিবেশ ও পরিস্থিতিতে পরিচালিত কাজের অভিজ্ঞতা ও পেশাগত যোগ্যতাসম্পন্ন জনবল; কাজ সম্পাদনে পর্যাপ্ত সম্পদের প্রাপ্যতা এবং আর্থিক সক্ষমতার ক্ষেত্রে Bank Solvency Certificate ও ব্যবস্থাপনাগত সামর্থ্য ইত্যাদি)।
- ৬। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর "নিম্নতম ব্যয়-ভিত্তিক নির্বাচন পদ্ধতি" অনুসরণে প্রতিষ্ঠান নির্বাচন করা হবে। চুক্তি সম্পাদনের পর অনতিবিলম্বে কাজটি শুরু করতে হবে।
- ৭। এ বিষয়ে অধিক তথ্য জানার প্রয়োজন হলে ২২৩৩৫৭৪২৯ ফোন নম্বরে যোগাযোগ করে প্রয়োজনীয় তথ্য জানতে পারবে।
- ৮। সীলমোহরযুক্ত আবেদনপত্র (EOI) ২২/০২/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ০২.০০ টার মধ্যে কৃষি মন্ত্রণালয় (কক্ষ নং-৪২৮, ভবন নং-০৪, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) এবং বিভাগীয় কমিশনার, ঢাকা এর কার্যালয়ে রক্ষিত বক্সে জমা দিতে হবে এবং আবেদনের খামের উপরে স্পষ্টাক্ষরে "বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্ট এর হিসাব নিরীক্ষা (১৪২১-১৪২৪ বঙ্গাব্দ) সংক্রান্ত Expressions of Interest (EOI)" লিখতে হবে।
- ৯। বিজ্ঞপ্তি অনুযায়ী কার্যক্রম গ্রহণের যে কোন পর্যায়ে কর্তৃপক্ষ যে কোন বা সকল আবেদনপত্র (EOI) বাতিল করার ক্ষমতা প্রয়োগ করতে পারবে।

  
০১.০২.২০২২  
(জাহিদ হোসেন হিদ্দিক)  
উপসচিব

ফোন: ২২৩৩৫৭৪২৯

ই-মেইল: admin1@moa.gov.bd